গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মুরাদনগর, কুমিল্লা

**উপজেলা বাল্যবিবাহ নিরোধ কমিটির মার্চ/২০২৬খ্রি. মাসের সভার কার্যবিবরণী**

সভাপতি : এ.বি.এম. সারোয়ার রাব্বী
উপজেলা নির্বাহী অফিসার, মুরাদনগর, কুমিল্লা

সভার স্থান : উপজেলা পরিষদ কবি নজরুল মিলনায়তন

তারিখ : ৩১/০৩/২০২৬খ্রি.

সময় : সকাল: ১০:৫০ ঘটিকা

উপস্থিত সদস্য : পরিশিষ্ট-ক

উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মুরাদনগর, কুমিল্লা সভায় কার্যবিবরনী পাঠ করে শুনান, এতে কোনো সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। সদস্য সচিব, সভায় অত্র উপজেলায় বাল্যবিবাহ প্রতিরোধে বিভিন্ন কার্যক্রমের বর্ণনা দেন। সভায় নিম্নবর্ণিত বিষয়াদি আলোচনা ও সর্বসম্মত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

১. বাল্যবিবাহ নিরোধ সংক্রান্ত কমিটির আলোচনা ও সিদ্ধান্ত সমূহ :

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | ইভটিজিং এর কারণে মেয়েরা বাল্যবিবাহের স্বীকার হয় তাই প্রত্যেক স্কুল/কলেজের সামনে মাঝে মধ্যে থানা পুলিশের সহযোগিতায় টহলের ব্যাপারে আলোচনা করা হয়। | স্ব স্ব বিদ্যালয়ের প্রধান শিক্ষক/অধ্যক্ষ মহোদয়গণ থানার সহযোগিতায় প্রয়োজনীয় টহলের ব্যবস্থা করবেন। | প্রধান শিক্ষক/অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তা। |
| ০২ | বিবাহ নিবন্ধকদের বাল্যবিবাহ পড়ানো থেকে বিরত থাকা এবং কেহ চাপ প্রয়োগ করলে তা প্রশাসনকে অবহিত করা। | জোরপূর্বক বিবাহ নিবন্ধনের জন্য চাপ প্রয়োগ করলে উপজেলা প্রশাসনকে অবহিত করতে হবে। | ২২ ইউনিয়নে নিযুক্ত কাজীগণ। |
| ০৩ | সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় উপকারভোগীদের মধ্যে বাল্যবিবাহ ও যৌতুক নিরোধ সম্পর্কে সামাজিক সচেতনতামূলক বিষয়ে আলোচনা করা হয়। | উপকারভোগীদের মধ্যে ভাতা বিতরণের সময় স্ব স্ব বিভাগের বিভাগীয় কর্মকর্তাগণ বাল্যবিবাহের কুফল সম্পর্কে আলোচনা করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | বিভাগীয় কর্মকর্তা (সকল)। |
| ০৪ | মাদ্রাসার শিক্ষক ও কর্মচারীদের বাল্যবিবাহ পড়ানো থেকে বিরত থাকা ও ছাত্র-ছাত্রীদের মধ্যে বাল্যবিবাহ এবং যৌতুকের কুফল সম্পর্কে আলোচনা করা হয়। | প্রত্যেক মাদ্রাসার সুপার, শিক্ষক ও কর্মচারীদের বাল্যবিবাহ পড়ানো ও যৌতুক থেকে বিরত থাকা এবং ছাত্র-ছাত্রীদের মধ্যে বাল্যবিবাহ এবং যৌতুকের কুফল সম্পর্কে আলোচনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | মাদ্রাসা সুপার। |

২. বাল্যবিবাহ সংক্রান্ত তথ্যাদি :

| উপজেলার নাম | ইউনিয়নের নাম | বাল্যবিবাহ প্রতিরোধ করা হয়েছে এমন বিবাহের সংখ্যা | বাল্যবিবাহ হতে পরিত্রান পেয়েছে এমন শিশুর নাম ও ঠিকানা |
|---|---|---|---|
| মুরাদনগর | - | - | - |

৩. উঠান বৈঠক সংক্রান্ত তথ্যাদি:

| উপজেলার নাম | ইউনিয়নের নাম | আলোচনা | মন্তব্য |
|---|---|---|---|
| মুরাদনগর | ১১নং রামচন্দ্রপুর দক্ষিণ ইউনিয়ন | বাল্যবিবাহ নিরোধের বিষয়ে ১১নং রামচন্দ্রপুর দক্ষিণ ইউনিয়ন পরিষদ ১৫.০৩.২০২৬ তারিখ উঠান বৈঠকের মাধ্যমে বাল্যবিবাহ নিরোধ বিষয়ে আলোচনা করা হয়। সভায় সংশ্লিষ্ট ইউপি মেম্বার ও গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। বাল্যবিবাহের আইন সংক্রান্ত বিষয়ে উপকারভোগীদের মধ্যে সচেতনতা সৃষ্টি করা হয়। | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

এ.বি.এম. সারোয়ার রাব্বী
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা বাল্যবিবাহ নিরোধ কমিটি
মুরাদনগর, কুমিল্লা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
মুরাদনগর, কুমিল্লা

স্মারকনং ৩২.০১.১৯৮১.০০০.০৬.০৩৬.১৭-৪৮ তারিখ: ৩১/০৩/২০২৬খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি:
০১। জেলা প্রশাসক, কুমিল্লা
০২। উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, কুমিল্লা
০৩। উপজেলা নির্বাহী অফিসার, মুরাদনগর, কুমিল্লা
০৪। উপজেলা.....................................মুরাদনগর, কুমিল্লা
০৫। চেয়ারম্যান...................................মুরাদনগর, কুমিল্লা
০৬। জনাব...........................................মুরাদনগর, কুমিল্লা

মোহাম্মদ আবদুল আউয়াল খন্দকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
ও
সদস্য সচিব
উপজেলা বাল্যবিবাহ নিরোধ কমিটি
মুরাদনগর, কুমিল্লা